

গৌরবদীপ্ত বিজয়ের মাস শুরু

- A Monitor Desk Report

Date: 01 December, 2024



ঢাকাঃ বছর ঘুরে আবার এসেছে বিজয়ের মাস। বাঙালির হাজার বছরের স্বপ্নপূরণ হওয়ার পাশাপাশি বহু তরতাজা প্রাণ বিসর্জন আর মা-বোনের সন্ত্রাসের বিনিময়ে এই অর্জন হওয়ায় বেদনাবিধুর এক শোকগাথার মাসও এ ডিসেম্বর।

অবিস্মরণীয় গৌরবদীপ্ত চূড়ান্ত বিজয় আসে ১৬ ডিসেম্বর। স্বাধীন জাতি হিসেবে বিশ্বে আত্মপরিচয় লাভ করে বাঙালি। অর্জন করে নিজস্ব ভূখণ্ড আর সবুজের বুকে লাল সূর্য খচিত নিজস্ব জাতীয় পতাকা। ভাষার ভিত্তিতে যে জাতীয়তাবাদ গড়ে উঠেছিলো, এক রক্তক্ষয়ী যুদ্ধের পর বিজয়ের মাধ্যমে ঘোষিত স্বাধীনতা পূর্ণতা পায় এ দিনে।

১৯৭১ খ্রিষ্টাব্দে ১৬ ডিসেম্বর ঢাকার ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করতে বাধ্য হয়।

মহান এ বিজয়ের মাস উদযাপনে জাতীয় কর্মসূচির পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের পক্ষ থেকে বিস্তারিত কর্মসূচি নেয়া হয়।

প্রতি বছরের মতো এবারও বিজয়ের মাসে বিজয়ের আনন্দে উচ্ছসিত হবে দেশবাসী। শ্রদ্ধা ও ভালোবাসায় মাথা নোয়াবে অগণিত বীরদের প্রতি। নানা আয়োজনে ধ্বনিত হবে, বিজয় গীথা আর সফল বাংলাদেশের স্বপ্ন।

-B